

## ইডেন কলেজের উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধানের মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ২৩ সেপ্টেম্বর

ইডেন মহিলা কলেজের উদ্ভিদবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক নিগার মার্জিয়া ইয়াসমিনের মৃত্যুতে গভীর শোক ও দৃঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, অধ্যাপক নিগার মার্জিয়া ইয়াসমিনের মৃত্যুতে দেশ একজন নিবেদিতপ্রাণ শিক্ষককে হারালো। তাঁর অভাব সহজে পূরণ হবার নয়।

শিক্ষামন্ত্রী তাঁর রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক নিগার মার্জিয়া ইয়াসমিন গতকাল ঢাকায় একটি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে.....রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯